

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
জয়পুরহাট।

স্মারক নং- ৪৪.০৩.৫০৩৮.০০২.০২.০০১.২৩- ১৭৭০

তারিখঃ ১৩/১১/২০২৩ খ্রিঃ।

**“বিজ্ঞপ্তি”**

এতদ্বারা জয়পুরহাট জেলার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩-২০১, তারিখঃ ৩০-০৮-২০২৩ খ্রিঃ মোতাবেক আগামী ২৬-১১-২০২৩ খ্রিঃ তারিখে ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (৬ষ্ঠ ধাপ পুরুষ) আরম্ভ হবে বিধায় আগামী ২২-১১-২০২৩ খ্রিঃ তারিখ বুধবার সকাল ০৯.০০ ঘটিকায় জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, জয়পুরহাট এর কার্যালয় উক্ত প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক জয়পুরহাট জেলার সকল উপজেলার নিম্নোক্ত যোগ্যতাসম্পন্নদের উপস্থিত থাকার জন্য বলা হলো।

**যোগ্যতা ও শর্তাবলীঃ**

- ক. ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য হতে হবে।
- খ. ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে। তদূর্ধ্বদের অগ্রাধিকার দেয়া হবে। মূল কপি সঙ্গে আনতে হবে।
- গ. বয়স ১৮ হতে ৩০ বছর হতে হবে।
- ঘ. সর্বনিম্ন উচ্চতা ৫ ফিট ৪ ইঞ্চি। তদূর্ধ্বদের অগ্রাধিকার দেয়া হবে।
- ঙ. সুস্থাস্থ্যের অধিকারী ও অধিক উচ্চতাধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- চ. স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র থাকতে হবে।
- ছ. জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে। মূল কপি সঙ্গে আনতে হবে।
- জ. প্রার্থীকে স্বেচ্ছাসেবায় অগ্রহী হতে হবে।
- ঝ. প্রার্থীকে এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
- ঞ. সাজাপ্রাপ্ত/দণ্ডিত ও মামলায় জড়িত ব্যক্তিকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা হবে না।

**উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নির্দেশনাঃ**

- ক. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ সবোর্চ সংখ্যক প্রশিক্ষণার্থী প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।
- খ. প্রশিক্ষণার্থী প্রেরণ সংক্রান্ত কোন বিষয়ে কোন অভিযোগ উত্থাপন হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- গ. প্রত্যেক উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ কমপক্ষে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী প্রেরণ নিশ্চিত করবেন।

মির্জা সিফাত-ই-খোদা  
পরিচিতি নং- বিপ্রতি ১২০১৩৭  
জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
জয়পুরহাট।

ই-মেইলঃ [dcjoypurhat@ansarvdp.gov.bd](mailto:dcjoypurhat@ansarvdp.gov.bd)

ফোনঃ ০১৭৩০০৩৮০৯০

তারিখঃ ১৩/১১/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- ৪৪.০৩.৫০৩৮.০০২.০২.০০১.২৩- ১৭৭০

**অনুলিপিঃ**

- ১। প্রশিক্ষণ (ভিডিপি) শাখা  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর খিলগাঁও, ঢাকা।
- ২। উপ-মহাপরিচালক  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
- ৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর  
জয়পুরহাট।
- ৪। অফিস কপি।

সদয় অবগতির জন্য।  
ঐ  
সকল উপজেলা কর্মকর্তা ইউনিয়ন/ওয়ার্ড/দলনেতা/দলনেত্রী  
ও আনসার কমান্ডারদের মাধ্যমে প্রয়োজনীয় প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন।

জেলা কমান্ড্যান্ট  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
জয়পুরহাট।